

2019/TDC/ODD/SEM/
BNGHCC-102T/052

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

(1st Semester)

Course No. : BNGHCC-102T

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা



পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

ক-বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) কত খ্রিস্টাব্দে এবং কে নেপালের রাজদরবারের পুথিশালা অনুসন্ধান করে বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যার পুথি আবিষ্কার করেন ?

(খ) 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধগান ও দৌহ' প্রঙ্গে সর্বমোট কতজন কবির পদ পাওয়া যায় ? সর্বাধিক সংখ্যক পদ কোন কবি রচনা করেছেন ?

(গ) 'চর্যাপদ'-এ সর্বমোট পদের সংখ্যা কত ? কয়টি পদ উদ্ধার করা গেছে ?

0J/1085

(Turn Over)

(2)

২। (ক) 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'উষা উষা পাবত উঁহি বসই সবরী বালী'—২৮ সংখ্যক পদটির মর্মার্থ বিশ্লেষণ করো।

৩—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×২=৪

(ক) স্রীচৈতন্য-পূর্ববর্তী যে কোনো দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(খ) বৈষ্ণব রসশাস্ত্রে নাট্যিকার কত প্রকার অবস্থার কথা বর্ণিত হয়েছে? "সখি হে হামারি দুখের নাহি ওর" পদটি কোন পর্যায়ের অন্তর্গত?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

"এলাইয়া _____ কুলের গাঁথনি
দেখয়ে _____ চুলি।"

৪। (ক) মাধুর কাকে বলে তা উল্লেখ করে এই পর্যায়ের পদ রচনায় কবির কাব্যকৃতির পরিচয় দাও।

অথবা

(খ) 'ভাবসম্মিলন' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? এই পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্বের পরিমাপ করো।

20J/1085

(Continued)

(3)



গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×২=৪

(ক) কোন্ রাজা মুকুন্দরামকে 'কঙ্কণ' ভূষণ উপহার দিয়েছিলেন বলেই তাঁর উপাধি হলো 'কবিকঙ্কণ'? রাজার পুত্রের নাম কী, যার শিক্ষা-গুরুরূপে মুকুন্দরাম নিযুক্ত হয়েছিলেন?

(খ) কালকেতু কোন্ নগরী পত্তন করেছিল ও কোন্ সম্প্রদায়ের লোক ছিল?

(গ) ভাঁড়ু দত্ত কালকেতুর কাছে অপমানিত হয়ে প্রতিশোধ নেবার জন্যে কোন্ রাজার কাছে গিয়েছিল? ভাঁড়ুর ভাইয়ের নাম কী?

৬। (ক) "মুকুন্দের 'চণ্ডীমঙ্গল'-এ চরিত্র-বর্ণনের চেয়ে চরিত্র-চিত্রণই মুখ্য হয়ে উঠেছে।" কালকেতু চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে উক্তিটির তাৎপর্য নির্ণয় করো।

১০

অথবা

(খ) "মধ্যযুগের ভাঁড়ামি নয়, আধুনিক যুগের শুভ্রতা এই হস্যরসে আভাসিত। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'-এ যে হস্যরস পেয়েছি তা যেমন কাল-সাপেক্ষ, তেমনি কিছুটা কালোত্তীর্ণও বটে।" উক্তিটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×২=৪

(ক) কত ত্রিস্তম্বে কবি বৃন্দাবনদাসের জন্ম বলে অনুমিত হয়? তাঁর মায়ের নাম কী?

J/1085

(Turn Over)

(4)

(খ) বৃন্দাবনদাস 'চৈতন্যভাগবত'কে প্রথম কী নামে নামকরণ করেন? কার নির্দেশে পরে 'চৈতন্যভাগবত' নামকরণ করেন বলে প্রচলিত?

(গ) বৃন্দাবনদাস শৈশবে কার শিষ্যত্ব গ্রহণ করেছিলেন? বৃন্দাবনের মা চৈতন্য-ভক্ত শ্রীবাসের সম্পর্কে কী ছিলেন?

৮। (ক) চৈতন্য-জীবনীকার হিসাবে কবি বৃন্দাবনদাসের কৃতিত্ব ও বৈশিষ্ট্য নিরূপণ করো।

অথবা

(খ) "বৃন্দাবনদাস তাঁর গ্রন্থে শ্রীচৈতন্যের মানবমূর্তি ও ভগবতমূর্তি দুদিকেই সমান অনুপাত রক্ষা করেছেন।" 'চৈতন্যভাগবত' অবলম্বনে উক্তিটির তাৎপর্য পর্যালোচনা করো।

৯—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২

(ক) শাক্তপদাবলীর যে কোনো দুজন কবির নাম উল্লেখ করো।

(খ) কোন শতাব্দীতে শাক্তপদাবলী প্রথম রচিত হয়? 'বিদ্যাসুন্দর'-এর রচয়িতা কে?

(গ) কবি রামপ্রসাদের জন্মসাল কত ও জন্মস্থান কোথায়?

20J/1085

(Continued)

(5)

১০। (ক) শাক্তপদাবলীর 'আগমনী' পর্যায়ে শাস্ত্রত মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে, তার বর্ণনা দাও।

১০

অথবা

(খ) কবি কমলাকান্ত ভট্টাচার্যের কাব্যকৃতি আলোচনা করো।

OJ-1140/1085

2019/TDC/ODD/SEM/
BNGHCC-102T/052